দৈনিক বাংলা

দৈনিক বাংলা

তারিখ 04 APR 1992
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৫ ...

# উন্মুক্ত বিশ্ববিদ্যালয় উচ্চ শিক্ষার সুযোগ বাড়াবে ঃ জমিরউদ্দীন

পঞ্চগড়, ৩ এপ্রিল।–শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমিরউদ্দীন সরকার বলেন বর্তমান গণতান্ত্রিক সরকার একটি গণমুখী শিক্ষা ব্যবস্থা চালু করে জনগণের ভাগ্য উন্নয়নের সর্বাত্মক প্রচেষ্টা চালাচ্ছে। তিনি বলেন, সরকার উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে দেশে উচ্চ শিক্ষা লাভের সুযোগ সম্প্রসারিত করবে।

শিক্ষামন্ত্রী আজ পঞ্চগড় এম. আর কলেজ প্রাঙ্গণে এক সুধী সমাবেশে বক্তৃতা করছিলেন। কলেজের অধ্যক্ষ ললিত মোহন রায় সমাবেশে সভাপতিত্ব করেন।

শিক্ষামন্ত্রী বলেন, সরকার শিক্ষাঙ্গনকে নৈরাজ্য ও সন্ত্রাসের কবল থেকে মুক্ত করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ প্রতিষ্ঠায় বদ্ধপরিকর। তিনি বলেন, শিক্ষাঙ্গনের সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনতে হলে দলমত নির্বিশেষে সবাইকে আন্তরিক হতে হবে।

ব্যারিষ্টার জমিরউদ্দীন সরকার বলেন, আইনের শাসনের প্রতিষ্ঠা গণতন্ত্রের পূর্বশর্ত এবং সরকার গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিক রূপদানের লক্ষ্যে নিরলস প্রচেষ্টা চালাচ্ছে তিনি কষ্টার্জিত গণতন্ত্রকে সুসংহত করার লক্ষ্যে দেশে গণতন্ত্রের সঠিক অনুশীলন ও আইনের শাসন প্রতিষ্ঠায় এগিয়ে আসার জন্য সর্বস্তরের জনগণের প্রতি আহ্বান জানান।

পরে মন্ত্রী কলেজের একশ' শয্যাবিশিষ্ট ছাত্রাবাসের ভিত্তি প্রস্তর স্থাপন করেন।